

প্রথম আলো

তারিখ: 15 JUL 2012
পৃষ্ঠা: ৯

**‘২০,৫০০ বিদ্যালয়ে
মাল্টিমিডিয়া
ক্লাসরুম হবে’**

নারায়ণগঞ্জ প্রতিনিধি ●

শুধা ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান বলেছেন, বর্তমান সরকার প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত ই-বুক তৈরি করেছে। দেশে ২০ হাজার ৫০০ বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম হবে।

পতকাল শনিবার নারায়ণগঞ্জের চাষাড়া জিয়া হল মিলনায়তনে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান ও সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

জেলা পরিষদের প্রশাসক আবদুল হাইয়ের সভাপতিত্বে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মনোজ কান্তি বড়াল, পুলিশ সুপার শেখ নাজমুল আলম, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা এ বি এম আমিনউল্লাহ নূরী, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মোরাজ হোসেন প্রমুখ। অনুষ্ঠানে ১,৬০৪ জন কৃতি শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়।